Press Release

08 September 2020

The Life and Legacy of the Father of the Nation recollected in Canberra

Bangladesh High Commission Canberra, as part of its celebration of *Mujib Year*, inaugurated today a weeklong photo exhibition on the life and legacy of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman at the Huw Davies Gallery, Manuka Arts Centre.

The exhibition displays more than eighty-five photographs of Bangabandhu capturing Sheikh Mujib's childhood and family life, his emergence as the undisputed leader of the Bangalee nation, final phase of the struggle towards independence, and Bangabandhu's engagement with world leaders and at the international arena. Videos on Bangabandhu were also screened inside the gallery.

The inauguration was preceded by short remarks by a select number of distinguished guests. The speakers unequivocally appreciated the initiative for organizing such an Exhibition to disseminate the journey/history of this great leader. In his remarks, the High Commissioner Sufiur Rahman highlighted Bangabandhu's exceptional ability to represent his people's aspirations and to articulate their demand that made him unique and distinct from other Leaders before and around him. He reflected how Bangabandhu with his non- communal and inclusive politics was successful in uniting the Bangalee nation to protest against deprivation and exploitation and spearheaded them to freedom that created an independent Bangladesh. He also underscored Bangabandhu's quest for peace that remains cornerstone of state policy for his able daughter Prime Minister Sheikh Hasina as she pursues peace and development.

The programme commenced with flying balloons in celebration of Mujib Year by carrying individually decorated characters of M U J I B Y E A R. Then the High Commissioner along with Australian dignitaries and leaders of political entities and study circles that promote and uphold ideals of Bangabandhu placed floral wreath at his portrait.

Following the COVID-19 related restrictions and social distancing rules the outdoor inauguration program was attended by 100 guests including more than twenty Ambassadors/ High Commissioners, Leader of the opposition of ACT Legislative Assembly, Senior representatives of Australian Federal Departments, members of diplomatic corps, leaders of Bangabandhu study circles and Australia Awami League, diaspora members and High Commission officials. Photo cards and booklets on Bangabandhu were distributed among the guests as mementos.

The exhibition would remain open to visitors every day from 10 am to 4 pm until next Sunday, 13 September 2020.

প্রেস রিলিজ

৮ সেপ্টেম্বর, ২০২০

ক্যানবেরাতে সপ্তাহব্যাপী ফটো প্রদর্শনীর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবন ও কর্মকে স্মরণ

জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে তাঁর জীবন ও কর্মের উপর ভিত্তি করে আজ অষ্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরার মানুকা আর্ট সেন্টারে 'হুও ডেভিস' গ্যালারীতে ফটো প্রদর্শনীর উদ্বোধন করা হয়। বাংলাদেশ হাইকমিশন কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী এই ফটো প্রদর্শনীটি ১৩ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে।

ফটো প্রদর্শনীতে বঙ্গবন্ধুর রাজনৈতিক নেতা হিসেবে গড়ে উঠা, বাঙালির অধিকার ও মুক্তির সকল আন্দোলনে নেতৃত্ব দান, তৎকালীন বিশ্ব নেতৃবৃন্দের সাথে বঙ্গবন্ধুর যোগাযোগ ও সখ্যতা ছাড়াও ব্যক্তি মুজিব ও পারিবারিক জীবনের মুজিবকেও বিভিন্ন দূর্লভ ছবির মাধ্যমে তুলে ধরা হয়েছে।

প্রায় একশত অতিথির উপস্থিতিতে আজ বিকেলে বঙ্গবন্ধু ফটো প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশের হাইকমিশনার সুফিউর রহমান এবং ভারত, রাশিয়ার রাষ্ট্রদূতসহ ২৫টি দেশের মিশনপ্রধান। এতে অষ্ট্রেলিয়ার বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ ও ফেডারেল কর্মকর্তাসহ অষ্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশিরা অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা পর্বে অংশগ্রহণ করেন বাংলাদেশ হাইকমিশনার, ক্যানবেরা রাজধানী সরকারের বিরোধী দলীয় নেতা মি. এলিষ্টার কো, অষ্ট্রেলিয়ায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত গীতেশ শর্মা, বাংলাদেশে নিযুক্ত অষ্ট্রেলিয়ার সাবেক রাষ্ট্রদূত জুলিয়া নিবলেট, ফটো এক্সেস এর ডিরেক্টর ড. ক্রিসটেন ওয়েনার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। আলোচকগণ বঙ্গবন্ধুর জীবন ও ইতিহাস প্রচারে এধরনের প্রদর্শনী আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ হাইকমিশনারের বক্তব্যের প্রতিপাদ্য বিষয় ছিল জাতি-ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল বাঙালিকে একত্রিত করে অবিসংবাদিত নেতা হিসেবে কিভাবে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা অর্জনে নেতৃত্ব দেন। তিনি বঙ্গবন্ধুকে যুগোপৎভাবে ইতিহাসের সৃষ্টি ও স্রষ্টা হিসেবেও উল্লেখ করেন। উপস্থিত বিশিষ্ট অতিথিদের নিয়ে আলোচনা পর্ব শেষে ফিতা কাটার মধ্য দিয়ে ফটো প্রদর্শনীর উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে **"MUJIB YEAR 100"** এর প্রতিটি বর্ণসহ বর্ণিল বেলুন উড়ানো এবং জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদনের জন্য পুষ্পস্তবক অর্পন করেন বাংলাদেশ হাইকমিশনার এবং উপস্থিত অন্যান্য দেশের রাষ্ট্রদূত ও বিশিষ্ট অতিথিবৃন্দ।

ফটো প্রদর্শনীতে শুধু বঙ্গবন্ধুর দূর্লভ ছবিই নয়, তাঁর ৭ মার্চ ভাষণের লেখচিত্র, বঙ্গবন্ধু কর্তৃক স্বাধীনতার ঘোষণাপত্র, বাংলাদেশের সংবিধানের বিভিন্ন মৌলিক অংশও এতে প্রদর্শিত হচ্ছে। এ ছাড়াও প্রদর্শনীতে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ, স্বদেশ প্রত্যাবর্তন, বিভিন্ন সাক্ষাতকার সহ ১০ টি ভিডিও চিত্রও প্রদর্শিত হচ্ছে।

উদ্বোধনী দিনে করোনা ভাইরাস জনিত মহামারির জন্য যথাযথ স্বাস্থ্য বিধি মেনে একশত অভ্যাগতের সীমার মধ্যে বিশজনের দলের অতিথিরা ফটো প্রদর্শনী পরিদর্শন করেন। বাংলাদেশ হাইকমিশনের পক্ষ থেকে সকলকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত যথাযথভাবে স্বাস্থ্য বিধি মেনে ফটো প্রদর্শনীটি পরিদর্শনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

সংযুক্তিঃ অনুষ্ঠানের ছবি।

57 Culgoa Circuit, O'Malley, ACT 2606, Australia | T +61 2 6290 0511/0522/0533 | F +61 2 6290 0544
E: hoc.canberra@mofa.gov.bd | W: www.bhcanberra.com